

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.৩৩

তারিখ: ৬ চৈত্র ১৪২৯
২০ মার্চ ২০২৩

বিষয়: শেরপুর জেলায় ইউনিয়ন পরিষদ সচিব-এর শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর-এর স্মারক নং-৪৯, তারিখঃ ১৩/০২/২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে শেরপুর জেলায় ইউনিয়ন পরিষদ সচিব-এর ০৭ (সাত) টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে গত ২৯/১১/২০২২ তারিখের ২৯৮নং স্মারকে জারিকৃত ছাড়পত্রের মেয়াদ নির্দেশক্রমে ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা হলো এবং বর্তমানে শূন্য হওয়া ইউনিয়ন পরিষদ সচিব-এর ০২ (দুই) টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

(ক) পত্র জারির ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে;

(খ) নিয়োগের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা, ২০১১ এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে;

(গ) নিয়োগ কার্যক্রম সম্পন্নের পর স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।



২১-৩-২০২৩

মোহাম্মদ সাঈদ উর রহমান

উপসচিব

ফোন: ৯৫১৪১৯০

ইমেইল: lgup2@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.৩৩/১(৪)

তারিখ: ৬ চৈত্র ১৪২৯
২০ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।



২১-৩-২০২৩

মোহাম্মদ সাঈদ উর রহমান

উপসচিব